



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ মে ২০২৩খ্রি

বিশ্বাস্তি পুনরুদ্ধারের উৎসব হোক বুদ্ধ পূর্ণিমা: চসিক মেয়র

করোনা মহামারী আর ইউক্রেন-রাশিয়া যুদ্ধে ভুগতে থাকা বিশ্বে শান্তি ফেরাতে গৌতম বুদ্ধের আদর্শ অনুসরণের আহবান জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বুধবার (০৩ মে) এক শুভেচ্ছাবার্তায় মেয়র বলেন, বুদ্ধধর্মের প্রচারক গৌতম বুদ্ধ বিশ্বকে শান্তির যে অমর বাণী শুনিয়েছেন তা যুগ যুগ ধরে অনুপ্রেরণা জোগায় এক শান্তির বিশ্ব নির্মাণে। একদিকে করোনা মহামারীতে অসহায়ত্ব অপরদিকে রাশিয়া-ইউক্রেন যুদ্ধের নির্মমতায় সারা বিশ্বের সাধারণ মানুষের মাঝে বিশ্বাস্তি পুনরুদ্ধারের আকুতি বিরাজ করছে।

“আসুন সকলে যুদ্ধাংশেহী মনোভাব পরিত্যাগ করে বুদ্ধের আদর্শ অনুপ্রাপ্তি হয়ে শান্তির বিশ্ব নির্মাণ করি। হিংসা, ক্রোধ পরিত্যাগ করে ধর্ম-বর্ণ নির্বিশেষে সবাই মিলে শান্তিতে ভাই-ভাই হয়ে বসবাস করি। সবাই মিলে গড়ে তুলি বঙ্গবন্ধুর স্বপ্নের অসাম্প্রদায়িক বাংলাদেশ। এবারের বুদ্ধ পূর্ণিমা হোক বিশ্বাস্তি পুনরুদ্ধারের উৎসব এই শুভকামনায় সবার প্রতি রইল বুদ্ধ পূর্ণিমার শুভেচ্ছা।”

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৮৮৮